উপজেলা পরিষদ

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার মার্চ/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।

তারিখ ও সময় ঃ ২৯-০৩-২০২৩খ্রিঃ, বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ২। উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, আউশ ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৩০০০ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক/কৃষানীর মধ্যে সার ও বীজ বিতরণ করা হয়। বিতরকৃত সার ও বীজ যাতে কৃষকরা সঠিকভাবে তাদের জমিতে ব্যবহার করে তা নিশ্চিত করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়।<br>কৃষি উপকরণ সংরক্ষনাগার নির্মাণ কাজ শুরুর বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া উপজেলা কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান। | সার ও বীজ যাতে কৃষকরা সঠিকভাবে তাদের জমিতে ব্যবহার করে তা নিশ্চিত করার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা কৃষি অফিসার।<br>খ) সকল ইউপি চেয়ারম্যান |
| ৩। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৪। পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৫। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ৬। মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে,<br>ক) উপজেলায় বিল নার্সারি তৈরির কার্যক্রম চলমান রয়েছে।<br>খ) "জাটকা সংরক্ষন সপ্তাহ-২০২৩" বাস্তবায়ন করার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপজেলা মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৭। এলজিইডি ঃ<br>ক) ২০২২-২৩ অর্থ বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় গৃহীত স্কীম গুলো দ্রুত বাস্তবায়নের জন্য সার্বিক সহযোগিতা প্রদানের জন্য প্রস্তাব করেন।<br>খ) উপজেলা উন্নয়ন সহায়তা তহবিল/২০২১-২২ অর্থবছরে চরফকিরা ইউনিয়নের আজগর আলী কাজী বাড়ি সড়ক সলিং করণ কাজ এর পরিবর্তে প্যালাসাইডিং কাজ বাস্তবায়নের জন্য চরফকিরা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয় আবেদন করেন। | ক) ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় গৃহীত প্রকল্প গুলো দ্রুত বাস্তবায়নের জন্য সকল ইউপি চেয়ারম্যানদেরকে সহযোগিতা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বিস্তারিত আলোচনান্তে চরফকিরা ইউনিয়নের আজগর আলী কাজী বাড়ি সড়ক সলিং এর পরিবর্তে প্যালাসাইডিং কাজ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার /<br>উপজেলা প্রকৌশলী |
| ৮। মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, সিরাজপুর ইউপি চেয়ারম্যান অভিযোগ করেন বিডব্লিউবি চালের বস্তায় চাল কম পাওয়া গেছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| ৯। সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। নদী ভাঙ্গনের কারনে সুবিধাভোগীরা আশ্রয়ন প্রকল্পে নিয়মিত থাকেনা ফলে টাকা আদায়ের পরিমান কম হয়। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১০। খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, গ্রামীন হতদরিদ্র জনগণকে ভর্তুকি মূল্যে খাদ্য শস্য প্রদানের কর্মসূচী 'খাদ্য বান্ধব কর্মসূচী' চলতি মার্চ/২০২৩ মাসে চালু আছে। এ কর্মসূচীর অধীনে অত্র উপজেলার ৮টি ইউনিয়নে মোট ৬৩৬৪ জন হতদরিদ্র ভোক্তার মোট ১৫/- টাকা কেজি দরে মাথাপিছু ৩০ কেজি করে চাল পেয়েছেন। আগামী এপ্রিল/২০২৩ মাস জুড়ে এ কর্মসূচী অব্যাহত থাকবে। অন্যান্য সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১২। পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ঃ উপজেলা সহকারী প্রোগ্রামার বলেন,<br>ক) শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রকল্পের আওতায় ১ম ও ২য় পার্যায়ের সকল প্রতিষ্ঠান থেকে ৪ জন শিক্ষকের প্রশিক্ষণ কার্যক্রম এর তালিকা পাওয়া গেছে এবং সকল তথ্য আপডেট করা হয়েছে।<br>খ) ই-নথি এর কার্যক্রম চলমান রয়েছে।<br>গ) ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য পত্র দেয়া হলেও অনেক দপ্তর এখনও ব্যবস্থা গ্রহণ করেনি। এছাড়া তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার |
| ১৪। যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৫। বন বিভাগ ঃ উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৬। জনস্বাস্থ্য বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭। ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদুৎ) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ১৯। পল্লী উন্নয়ন অফিস ঃ পল্লী উন্নয়ন অফিস ২০২২-২৩ অর্থবছর সর্বমোট ২ কোটি ২৫ লক্ষ টাকা ঋণ বিতরণ ও ২ কোটি ১৩ লক্ষ টাকা ঋণ আদায় হয়েছে। ৪০ জন সদস্যকে ট্রেনিং প্রদান করা হয়েছে। এছাড়া সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২০। বিএডিসি ঃ উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) জানান যে তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (বিএডিসি) |
| ২১। তথ্য কেন্দ্র : তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, ডোর টু ডোর সেবা (প্রাথমিক স্বাস্থ্য), অনলাইন সেবা, প্রাথমিক স্বাস্থ্য সেবা, কৃষি ও ব্যবসায় সম্পর্কিত তথ্য সেবা এবং উঠান বৈঠক ও তথ্য কেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২২। চেয়ারম্যান, ০১ নং সিরাজপুর ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের পরিকল্পনা কেন্দ্রে পানি পড়ে। লোহারপোল নরমাল ডেরিভারী সেন্টারের পরিবেশ অস্বাস্থ্যকর এবং সেখানে একজন আয়া দরকার। এছাড়া বিডব্লিউডি কার্ডের চালের বস্তায় ১১ কেজি চাল কম। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | |
|---|---|---|
| ২৩। চেয়ারম্যান, ০২ নং চরপার্বতী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে তিনটি মাদ্রাসায় একটি করে ভবন দরকার এবং কদমতলা বাজারে ২টি গণশৌচাগার দরকার। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৪। চেয়ারম্যান, ০৩ নং চরহাজারী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে বিডব্লিউডি কার্ডে ৫৭ জনের নাম ভুল হয়েছে। বিভিন্ন উন্নয়নমূলক নির্মানে নিম্নমানের কাঁচামাল ব্যবহার করা হচ্ছে এবং তার ইউনিয়নের নরমাল ডেলিভারি কেন্দ্রে একজন আয়া দরকার। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৫। প্যানেল চেয়ারম্যান, ০৮ নং চরএলাহী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নে ০৩ নং ওয়ার্ডের পাশে ঘর নির্মার্ণের জন্য গাছ কাটতে গেলে বনবিভাগ কর্তৃক বাধা প্রদান করা হয়। চরএলাহী-চাপরাশির হাট রাস্তার পুরাতন ব্রিজটি মেরামত করে সিএনজি চলাচলের ব্যবস্থা করে দিলে উপকার হয়। চর বালুয়াতে জমি পরিদর্শনে গেলে স্থানীয় জনগণ হামলা করে। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী সকল বিভাগের নির্দিষ্ট যে সকল কার্যক্রম চলমান আছে তার সম্পর্কে অবগত করার অনুরোধ করেন। এছাড়া মোবাইলের মাধ্যমে বিভিন্ন প্রতারক চক্রের প্রতারণার বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ করেন। | সংশ্লিষ্ট বিভাগ সমূহকে দপ্তরের নির্দিষ্ট চলমান কার্যক্রম সম্পর্কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৭। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালি ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল, উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সামনের ভাউন্ডারি ওয়াল (পুরাতন) এবং ফুল বাগানের ইলেকট্রিক এনার্জি বাল্ব লাগানোর ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(গ) কোম্পানীগঞ্জ উপজেলার ১০ জন বিশিষ্ট মুক্তিযোদ্ধার মুক্তিযুদ্ধকালীন স্মৃতি সংগ্রহপূর্বক প্রকাশনা এবং গত ১০ বছরের উন্নয়ন কর্মকান্ডের বিবরণ নিয়ে প্রকাশনার বিষয়ে বিস্তারিত আলোচন করা হয়।<br>(ঘ) ইউনিয়নসমূহে মশা নিধনের জন্য ফগার মেশিন বিতরণের বিষয়ে আলোচনা করা হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার ও মালির মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের সামনের ভাউন্ডারি ওয়াল (পুরাতন) এবং ফুল বাগানের ইলেকট্রিক এনার্জি বাল্ব লাগানোর ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) কোম্পানীগঞ্জ উপজেলার ১০ জন বিশিষ্ট মুক্তিযোদ্ধার মুক্তিযুদ্ধকালীন স্মৃতি সংগ্রহপূর্বক প্রকাশনা এবং গত ১০ বছরের উন্নয়ন কর্মকান্ডের বিবরণ নিয়ে প্রকাশনার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) ইউনিয়নসমূহে মশা নিধনের জন্য ফগার মেশিন বিতরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ |

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩-৭০৬ তারিখ ঃ ০৯ এপ্রিল ২০২৩

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৮। চেয়ারম্যান, ...........................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

মো: মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd